কানাডায় বাংলাদেশি পরিবারের ৪ জনের লাশ উদ্ধার, মাদকাসক্ত ছেলে গ্রেপ্তার

কানাডায় একই পরিবারের চার বাংলাদেশির মরদেহ উদ্ধার করেছে পুলিশ। হত্যাকাণ্ডে জড়িত থাকার সন্দেহে ওই পরিবারের একমাত্র ছেলেকে গ্রেপ্তার করা হয়েছে।

স্থানীয় সংবাদমাধ্যমের বরাত দিয়ে ইউএনবি জানায়, দেশটির দক্ষিণ-পূর্বাঞ্চলীয় শহর টরন্টোর মারখাম এলাকার একটি বাড়ি থেকে এই চার বাংলাদেশির মরদেহ উদ্ধার করে পুলিশ।

গত রোববার স্থানীয় সময় রাতে এ হত্যাকাণ্ড ঘটে। হত্যার শিকার চার ব্যক্তি হলেন মোহাম্মদ মুনির, তার স্ত্রী মুক্তা জামান, মেয়ে মিকা ও মুনিরের শাশুড়ি। শাশুড়ির নাম জানা যায়নি। তারা সবাই টাঙ্গাইল জেলার অধিবাসী।

ঘটনার সঙ্গে জড়িত সন্দেহে মিনহাজ জামান নামে ২৩ বছর বয়সী পরিবারটির অন্য এক সদস্যকে গ্রেপ্তার করেছে পুলিশ। তিনি নিহত মুনির-জামান দম্পতির একমাত্র ছেলে বলে জানা গেছে।

সোমবার মিনহাজকে গ্রেপ্তারের পর আদালতে হাজির করা হলে বিচারক তাকে জেল হাজতে পাঠানোর নির্দেশ প্রদান করেন।

প্রতিবেশীদের সূত্রে জানা গেছে, আটককৃত মিনহাজ মানসিকভাবে অসুস্থ। মাদকাসক্ত হয়ে ছেলেটি এই ঘটনাটি ঘটিয়েছে বলে প্রাথমিকভাবে ধারণা করছে পুলিশ।